সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

নান্দিনা শাখা, জামালপুর

মোবাইল: ০১৭১৪-১৩৩২৮৪

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০)এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি ।

ঋণগ্রহিতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠানঃ মেসার্স হারুন-অর-রশিদ প্রোঃ মোঃ হারুন-অর-রশিদ, নান্দিনা পশ্চিম বাজার, উপজেলাঃ জামালপুর সদর, জেলাঃ জামালপুর

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহিতা/ ঋণ গ্রহিতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ২৬/০৯/২০২৬ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের লেজার পাওনা ১২,৪৭,২৯৫.২৬ টাকা (বারো লক্ষ সাতচল্লিশ হাজার দুইশত পচানব্বই টাকা ছাব্বিশ পয়সা মাত্র) এবং আদায় কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/ প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

বন্ধকী সম্পত্তির তফসিল

থানা ও জেলা ঃ জামালপুর এবং মৌজা নান্দিনা ও চর লক্ষী, জামালপুর এর অধীন

খতিয়ান নম্বর				দাগ নম্বর			জমি (শতাংশ)	চৌহদ্দি
সিএস	আরওআর	বিআর এস	খারিজ	সিএস	আরওআর	বিআর এস		
১২৮	২৪৫	১৪	৮৮০	৩	৩	৫	২.২১	উঃ ব্রহ্মপুত্র নদী, দঃ ঢাকা-জামালপুর রাস্তা; পূঃ রোমান; পঃ মাহবুব আলম।
১৬৭	১৭৪	১২৯৯	১০৯৮	২১৩৫	২৬০১	২৯৫৭	৩৯	উঃ ফজলুল হক; দঃ ওয়াজ আলী; পূঃ আঃ রহিম; পঃ হাতেম আলী গং।
মোট							৪১.২১	

মোটঃ ৪১.২১ শতাংশ ভূমি ও তদোস্থিত নির্মিত স্থাপনাদি ।

শর্তাদিঃ

০১)আগামী ২০/১২/২৬ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, নান্দিনা শাখা, জামালপুর এবং প্রিন্সিপাল অফিস, জামালপুর-এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হইবে। ঐদিনই বেলা ৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরন করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা এবং প্রিন্সিপাল অফিস, জামালপুর এ পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নাম্বার এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে) সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য উল্লেখ করিতে হইবে।

	আর্নেষ্ট মানি/জামানতের পরিমান	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্বৃত্ত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিনের মধ্যে
খ)	উদ্বৃত্ত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিনের মধ্যে
গ)	উদ্বৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখ অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

০৭) নিলামে ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পতির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণগ্রহিতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুত, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশগ্রহেন ইচ্ছুক ব্যক্তিগন বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার

Mahmudul Hasa
Manager (G - 47820)
Senior Officer
Sonali Bank PLC
Nandina Branch, Jamalp